

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক অধিশাখা-৪
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫.৮২৬

তারিখ: ০৩/০৮/২০১৬ খ্রিঃ

আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬

১. ভূমিকা :

আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সংক্রান্ত সকল বিষয় যেমন লাইসেন্স প্রদান, ক্রয়, বিক্রয়, সংগ্রহ, আমদানি, পরিবহন, সংরক্ষণ, হস্তান্তর, ব্যবহার প্রভৃতি অস্ত্র আইন ১৮৭৮ এবং আগ্নেয়াস্ত্র বিধিমালা ১৯২৪ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে জারীকৃত ও হালপর্যন্ত বহালকৃত সার্কুলার/অফিস আদেশ/প্রজ্ঞাপন মোতাবেক পরিচালিত হয়। এ সকল আইন ও বিধিমালার আলোকে আগ্নেয়াস্ত্র গ্রহণ, ক্রয়, বিক্রয়, সংগ্রহ, আমদানি, পরিবহন, সংরক্ষণ, হস্তান্তর, ব্যবহার ইত্যাদি বিষয়সমূহ অধিকতর স্পষ্টীকরণ ও সহজীকরণের নিমিত্ত এ নীতিমালা জারি করা হলো।

- (ক) এ নীতিমালা ব্যক্তি, আর্থিক প্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের অনুকূলে “অনিষিদ্ধ বোর” আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- (খ) এ সংক্রান্ত ১০/০১/২০১২ তারিখে জারীকৃত নীতিমালা বাতিল বলে গণ্য হবে। তাছাড়া পূর্বে জারীকৃত এ সংক্রান্ত অন্যান্য নির্বাহী আদেশ বা নির্দেশাবলীর উপরে বর্তমানে জারীকৃত নীতিমালা প্রাধান্য পাবে এবং এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।
- (গ) ব্যক্তি পর্যায়ে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান সাধারণভাবে নিরুৎসাহিত করা হবে। লাইসেন্স প্রাপ্তির সাধারণ যোগ্যতা কোন ব্যক্তির লাইসেন্স প্রাপ্তির প্রধান নিয়ামক হিসেবে বিবেচিত হবে না। কোন ব্যক্তির নিরাপত্তার জন্য ব্যক্তিগত আগ্নেয়াস্ত্র রাখা প্রয়োজন অন্যথায় তার নিরাপত্তা বিঘ্নিত হতে পারে এ বিষয়ে সন্দেহ হলেই কেবলমাত্র তাকে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।
- (ঘ) সরকার প্রয়োজনে এই নীতিমালা যে কোন সময় পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন বা বাতিল করতে পারবে।

২. সংজ্ঞা :

- (ক) আগ্নেয়াস্ত্র : এই নীতিমালায় আগ্নেয়াস্ত্র বলতে বুঝাবে ব্যারেল সম্বলিত বহনযোগ্য বন্দুক যা বিস্ফোরণের মাধ্যমে এক বা একাধিক গুলি নিক্ষেপ করতে পারে (A firearm is a portable gun, being a barreled weapon that launches one or more projectiles often driven by the action of an explosive force) ;
- (খ) অনিষিদ্ধ বোর আগ্নেয়াস্ত্র (Non Prohibited Bore-NPB) বলতে পরিশিষ্ট ১ এ বর্ণিত আগ্নেয়াস্ত্র ব্যতীত সাধারণ বা আধা স্বয়ংক্রিয় এমন অস্ত্রসমূহ বুঝাবে ;
- (গ) ব্যক্তি : ব্যক্তি বলতে বাংলাদেশের যে কোনো নাগরিক বা দ্বৈত নাগরিককে বুঝাবে যিনি মানসিক ও শারীরিকভাবে সক্ষম;
- (ঘ) আর্থিক প্রতিষ্ঠান : আর্থিক প্রতিষ্ঠান বলতে বাংলাদেশের সকল ব্যাংক, বীমা ও বৈধ অর্থলগ্নীকারি প্রতিষ্ঠানকে বুঝাবে ;

